



**2022/TDC/ODD/SEM/
BNGHCC-501T/368**

TDC (CBCS) Odd Semester Exam., 2022

BENGALI

(Honours)

(5th Semester)

Course No. : BNGHCC-501T

(বিশ শতকের বাংলা সাহিত্য—২)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্সঙ্খ সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) সুভাষ মুখোপাধ্যায়ের প্রথম কাব্যগ্রন্থের নাম কী এবং এর প্রকাশকাল কত?

(খ) শক্তি চট্টোপাধ্যায়ের 'অবনী বাড়ি আছে' কবিতাটি তাঁর কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত? শক্তি চট্টোপাধ্যায় কত সালে 'সাহিত্য অকাদেমি পুরস্কার' লাভ করেন?

(গ) জীবনানন্দ দাশের যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।



(2)

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) “‘যোড়সওয়ার’ কবিভাটিতে রয়েছে বিদ্রোহ-প্রেম-প্রত্যাশা’র বহুমাত্রিক ব্যঙ্গনা।” আলোচনা করো।
- (খ) জীবনানন্দের ‘বোধ’ কবিতার বোধের স্বরূপ বিশ্লেষণ করে কবির বিশেষ দৃষ্টিভঙ্গির পরিচয় দাও।

UNIT—II

৩। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

- (ক) ‘অশনি সংকেত’ উপন্যাস প্রথমে কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল? গ্রন্থাকারে উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়?
- (খ) “ব্রাহ্মণের গ্রামে বসতে নেই কক্ষনো। তাতে পসার হয় না মশায়।” একথা কে, কাকে বলেছেন?
- (গ) ‘অশনি সংকেত’ উপন্যাসে কার মৃত্যু ছিল মধ্যস্তরে অনাহারক্লিষ্ট তিন-চার লক্ষ মানুষের মৃত্যুর প্রথম হাতছানি? মৃতদেহ কোথায় পড়েছিল?

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) “বিভূতিভূষণ ‘অশনি সংকেত’ উপন্যাসে মধ্যস্তরের মর্মান্তিক দৃশ্যকে একটি মাত্র মৃত্যুর ছোঁয়ায় সংকেতিত করেছেন।” উক্তিটি আলোচনা করে নামকরণের সার্থকতা প্রতিপন্ন করো।
- (খ) গঙ্গাচরণের স্ত্রী অনঙ্গ বৌ-এর চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

(3)

UNIT—III

৫। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

- (ক) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের প্রথম উপন্যাসের নাম কী? ‘কবি’ উপন্যাসের প্রকাশকাল কত?
- (খ) ‘কবি’ উপন্যাসে নিতাই-এর বাস ছিল যে গ্রামে সে গ্রামের নাম কী? সেখানকার অধিষ্ঠাত্রী দেবী কে?
- (গ) নিতাই কোন্ বংশের ছেলে ছিল? কোন্ কবিয়াল-এর মতো কবি হওয়ার সাধ ছিল নিতাই-এর?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) “অন্তর্জ শ্রেণির নিতাইয়ের কবি হয়ে ওঠার কাহিনীই তারাশঙ্করের ‘কবি’ উপন্যাসের মূল বিষয়বস্তু।” আলোচনা করো।
- (খ) ‘কবি’ উপন্যাসের বসন চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

UNIT—IV

৭। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

- (ক) ‘সাজানো বাগান’ নাটকটি কত খ্রিস্টাব্দে রচিত? নাটকটি কাদের নামে উৎসর্গ করা হয়েছে?
- (খ) ‘সাজানো বাগান’ নাটক কত খ্রিস্টাব্দে, কোথায় প্রথম অভিনীত হয়েছিল?
- (গ) বাঙ্করামের পুরো নাম কী? ‘সাজানো বাগান’-এর চলচ্চিত্ররূপে বাঙ্করাম চরিত্রে কে অভিনয় করেছিলেন?



((4))

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) ‘সাজানো বাগান’ নাটকে সামন্ততান্ত্রিক শোষণ এবং পারিবারিক সম্পর্কের যে দুর্দশা নকড়ি দত্তের পরিবারের মাধ্যমে তুলে ধরা হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।
- (খ) ‘সাজানো বাগান’ নাটকের বাঞ্ছারাম চরিত্রটির সংগ্রামী সত্তার পরিচয় দাও।

UNIT—V

৯। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

- (ক) মহাশ্বেতা দেবী সম্পাদিত একটি পত্রিকার নাম লেখো। মহাশ্বেতা দেবী কত খ্রিস্টাব্দে ‘সাহিত্য অকাদেমি পুরস্কার’ লাভ করেন?
- (খ) মহাশ্বেতা দেবীর ‘ভাত’ গল্পটি কোন্ পত্রিকায়, কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?
- (গ) দশরথ কে? ‘পিণ্ডদান’ গল্পে মহাশ্বেতা কোন্ ব্যবসার কথা তুলে ধরেছেন?

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) “লছমন সিং ও দুলন গঞ্জু—এই দুটি বিপরীত চরিত্রের দ্বন্দ্ব-সংঘাতকে কেন্দ্র করে ‘বিছন’ গল্পের কাহিনি গড়ে উঠেছে।” আলোচনা করো।
- (খ) ‘পিণ্ডদান’ গল্পের বিষয়বস্তু আলোচনা করে নামকরণের সার্থকতা প্রতিপন্ন করো।
